



বিআরপিডি সার্কুলার লেটার নং-৪৪

৩০ সেপ্টেম্বর ২০২১
তারিখঃ -----
১৫ আশ্বিন ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

নভেল করোনা ভাইরাসের কারণে সৃষ্ট সংকট মোকাবেলায় প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতে পুনঃঅর্থায়ন স্কীম।

শিরোনামোক্ত বিষয়ে ১৩ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৯ এবং ২২ জুলাই ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২০ এর মাধ্যমে কোভিড-১৯ মহামারীর কারণে ক্ষতিগ্রস্ত রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহকে প্রি-শিপমেন্ট ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে তাদের রপ্তানি কার্যক্রম অব্যাহত রেখে বৈদেশিক মুদ্রা অর্জন ও অর্থনীতিতে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ৩(তিন) বছর মেয়াদী ৫০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল গঠন করা হয়। উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-১১ (বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৮/২০২০ এর মাধ্যমে প্রতিস্থাপিত) এ একজন গ্রাহককে সর্বোচ্চ ১(এক) বছর উক্ত পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় একাধিকবার বিভিন্ন মেয়াদে ঋণ বিতরণ করা যাবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। তহবিলের মেয়াদ ইতোমধ্যে এক বছর অতিক্রান্ত হওয়ায় অনেক গ্রাহক তহবিলের আওতায় ঋণ সুবিধা পাচ্ছেন না বিধায় তাদের রপ্তানি কার্যক্রম ব্যাহত হচ্ছে। ফলে কোভিড-১৯ মহামারীর কারণে ক্ষতিগ্রস্ত অর্থনীতি পুনরুজ্জীবিতকরণ এবং বৈদেশিক মুদ্রা অর্জনে গতিশীলতা আনয়নে গঠিত তহবিলটির লক্ষ্য অর্জন বাধাগ্রস্ত হতে পারে।

৩। উল্লিখিত প্রেক্ষাপটে, “প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতে পুনঃঅর্থায়ন স্কীম” এর বাস্তবায়নে অগ্রগতি বজায় রাখার মাধ্যমে দেশের রপ্তানি কার্যক্রম অব্যাহত রেখে বৈদেশিক মুদ্রা অর্জন ও অর্থনীতিতে গতিশীলতা আনয়নের লক্ষ্যে আলোচ্য স্কীম এর নীতিমালা সংক্রান্ত বিআরপিডি সার্কুলার নং-০৯ এর অনুচ্ছেদ নং-১১ (বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৮/২০২০ এর মাধ্যমে প্রতিস্থাপিত) নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলোঃ

“অনুচ্ছেদ নং- ১১। ঋণের মেয়াদঃ একজন গ্রাহককে তহবিলের মেয়াদকাল ৩(তিন) বছরে উক্ত পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় একাধিকবার বিভিন্ন মেয়াদে ঋণ বিতরণ করা যাবে। গ্রাহক পর্যায়ে ঋণের মেয়াদ যাই হোক না কেন বাংলাদেশ ব্যাংক কর্তৃক সর্বোচ্চ ১৮০ দিন (ছয় মাস) মেয়াদে অংশগ্রহণকারী ব্যাংককে পুনঃঅর্থায়ন করা হবে যা মেয়াদ শেষে সুদসহ এককালীন পরিশোধযোগ্য হবে।”

৪। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২০, বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৮/২০২০, বিআরপিডি সার্কুলার লেটার নং-৪২/২০২০ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২৬/২০২১ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২